

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশনের সদস্যের ১(এক) টি শূন্য পদ পূরণের জন্য নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে সাম্প্রতিক তোলা দুই কপি ছবি, জীবন-বৃত্তান্ত এবং শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সংক্রান্ত সকল সনদের সত্যায়িত ফটোকপিসহ দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

২। যোগ্যতা ও অভিজ্ঞতাঃ

- ক. বিদ্যুৎ বিষয়ে কমপক্ষে স্নাতক ডিগ্রীধারী প্রকৌশলী।
- খ. সংশ্লিষ্ট বিষয়ে কমপক্ষে ১৫ বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা।

৩। নিয়োগ, কার্যকাল, বেতন, ভাতা, সুযোগ-সুবিধা ও চাকুরীর অন্যান্য শর্তঃ

- ক. রাষ্ট্রপতি কর্তৃক নিযুক্ত হয়ে উক্ত সদস্য কমিশনের সার্বক্ষণিক কর্মকর্তা হবেন।
- খ. প্রতিমাসে মূল বেতন বাবদ ৪৯,০০০/= টাকা, বাড়ি ভাড়া বাবদ ২৬,৬০০/= টাকা, নিজ ও পরিবারের সদস্যদের দেশের অভ্যন্তরে চিকিৎসা সুবিধা এবং সার্বক্ষণিক গাড়ীর সুবিধা পাবেন।
- গ. চাকুরী সংক্রান্ত অন্যান্য শর্তাবলী বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ (২০০৫ ও ২০১০ সালে সংশোধিত) দ্বারা নিয়ন্ত্রিত হবে।
- ঘ. রাষ্ট্রপতি কর্তৃক উপর্যুক্ত আইনের বিধান অনুযায়ী নিযুক্তির পর চাকুরীর কার্যকাল সদস্য হিসেবে কার্যভার গ্রহণের তারিখ হতে ৩ (তিন) বৎসর হবে এবং অনুরূপ একটি মাত্র মেয়াদের জন্য তিনি পুনর্নিয়োগের যোগ্য হবেন।
- ঙ. সরকারি চাকুরীতে নিয়োজিত ব্যক্তিগণ তাঁদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল করতে পারবেন এবং উক্তরূপ নিয়োগের জন্য নির্বাচিত হলে সরকারি চাকুরীর অবসান ঘটিয়ে উক্ত পদে যোগ দিতে পারবেন।

৪। অযোগ্যতা :


(১) কোন ব্যক্তি সদস্য হিসেবে নিযুক্ত হবার বা থাকবার যোগ্য হবেন না, যদি তিনি-

- ক) বাংলাদেশের নাগরিক না হন;
- খ) কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক ঋণখেলাপী হিসেবে ঘোষিত হন;
- গ) আদালত কর্তৃক দেউলিয়া ঘোষিত হন; এবং
- ঘ) নৈতিক স্বলনজনিত কোন অপরাধের দায়ে দোষী সাব্যস্ত হয়ে আদালত কর্তৃক অন্ত্য দুই বৎসর বা তদূর্ধ্ব মেয়াদের কারাদণ্ডে দণ্ডিত হয়েছেন এবং উক্ত দণ্ড হতে মুক্তিলাভের পর পাঁচ বৎসর সময় অতিক্রান্ত হয়নি।

(২) কমিশনের আওতাভুক্ত কোন কিছুতে ব্যবসায়িক স্বার্থ রয়েছে এমন কোন ব্যক্তি সদস্য পদে নিয়োগ লাভের যোগ্য হবেন না।

(৩) সদস্য হিসেবে নিয়োগ প্রাপ্তির পর তিনি নিজ নামে বা অন্য কোন ব্যক্তির মাধ্যমে এনার্জি খাতে ব্যবসায়িক স্বার্থে জড়িত হতে/থাকতে পারবেন না।

৫। সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর লিখিত ২ সেট আবেদনপত্র (সকল সংলগ্নীসহ) ১১/১০/২০১৫ তারিখ সকাল ৯.০০ টা হতে ৩১/১০/২০১৫ তারিখ বিকাল ৫.০০ টার মধ্যে সরাসরি/রেজিস্টার্ড ডাকযোগে একই ঠিকানায় দাখিল/প্রেরণ করতে হবে। চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে আবেদনপত্র জমা দিতে হবে। নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না। এ বিজ্ঞপ্তিটি www.emrd.gov.bd, www.powerdivision.gov.bd এবং www.berc.org.bd ওয়েবসাইট ঠিকানায় দেখা যাবে।


(সৈয়দা নওয়ারা জাহান)
উপ-সচিব
ফোন : ৯৫৫১১৪৩